

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহে শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা ৫০৪ ধারার সুযোগসুবিধা প্রদানের নির্দেশাবলি
২০০৯-২০১০

সকল পিতামাতা, চিকিৎসক ও স্বাস্থ্য পরিচর্যাকারীর প্রতি:

বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থীর শিক্ষা ব্যবস্থায় পরিষেবা লাভ করার বিষয়টি নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর স্কুল স্বাস্থ্য দফতর (অফিস অব স্কুল হেলথ) একযোগে কাজ করে। সেই লক্ষ্যে, ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ৫০৪ ধারার আওতায় স্কুলে প্রত্যক্ষ স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা সুযোগসুবিধা লাভের অনুরোধ করার জন্য পিতামাতা ও পরিচর্যাকারীদের সংযুক্ত ফরমগুলো ব্যবহার করতে হবে। ব্যবস্থাগ্রহণের জন্য এসব ফরম অবশ্যই সম্প্রদানের স্কুলে জমা দিতে হবে। সম্প্রদানের যদি স্কুলে প্রার্থিত পরিষেবাগুলো অব্যাহতভাবে প্রয়োজন হয়, তাহলে প্রত্যেক স্কুল বর্ষে একটি নতুন আবেদন ও অনুমোদন ফরম জমা দিতে হবে। পূরণকৃত ফরম বিবেচনায় ও চিকিৎসাগতভাবে যথাযথ পরিষেবা প্রদানে সহায়তা করার জন্য নিচের নির্দেশাবলি অনুসরণ করতে হবে:

- যে চিকিৎসক/স্বাস্থ্য পরিচর্যাকারী ফরমটি পূরণ করছেন তিনিই সক্রিয়ভাবে প্রার্থিত পরিষেবাসমূহের প্রকৃতি নির্ধারণ করবেন।
- নিউ ইয়র্ক স্টেট, নিউ জার্সি অথবা কানেকটিকাটের লাইসেন্স নম্বর উল্লেখ করা বাধ্যতামূলক। তাই, যদি প্রশিক্ষার্থী কোন চিকিৎসক, যার লাইসেন্স নম্বর নেই, এই ফরম পূরণ করেন, তার তত্ত্বাবধায়ককেও (যেমন, কর্তব্যরত চিকিৎসক) প্রতিস্বাক্ষর করতে হবে এবং তত্ত্বাবধায়কের লাইসেন্স নম্বর অর্ডার করতে হবে।
- নির্দেশ হতে হবে সুনির্দিষ্ট, পাঠযোগ্য ও পরিষ্কারভাবে লিখিত যাতে নার্সের কাছে এটা পরিপূর্ণভাবে বোধগম্য হয় এবং চিকিৎসাগতভাবে দায়িত্বশীলতার সাথে পালন করা সম্ভব হয়।
- স্কুল চলাকালে যেসব পরিষেবা দেয়া আবশ্যিক, শুধুমাত্র সেগুলোর জন্য অনুরোধ করতে হবে (যেমন, ওষুধ যদি স্কুলের আগে কিংবা ছুটির পরে বাসায় দেয়া সম্ভব হয়, তাহলে স্কুলে এর জন্য অনুরোধ করা যাবে না)।
- হোমিওপ্যাথিক ওষুধ দেয়া হবে না।
- অনুগ্রহ করে মনে রাখবেন যে, ওষুধ সচরাচর নির্দিষ্ট একটি কামরায় (অর্থাৎ, মেডিক্যাল রুম) তালাবন্ধ আলমারিতে রাখা হয়, যদি না আপনি শিক্ষার্থীকে স্কুলে নিজের কাছে ওষুধ রাখার অনুমতি দিয়ে থাকেন।
- প্রত্যেক শিক্ষার্থীকে যথাসম্ভব স্বাবলম্বী হয়ে ওঠায় উৎসাহদানে পিতামাতা, চিকিৎসক, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের একযোগে কাজ করতে হবে। শিক্ষার্থী যদি নিজ চেফ্টায় ওষুধ গ্রহণ করতে পারে, তাহলে মেডিকেশন ফরমের উল্টো পৃষ্ঠার নির্দিষ্ট ঘরে পিতামাতাকে সই দিতে হবে। মাধ্যমিক স্কুল ও হাই স্কুলের অধিকাংশ শিক্ষার্থীকে নিজ চেফ্টায় ওষুধ গ্রহণ করা শেখান উচিত (অর্থাৎ, এই জিনিসগুলো চেনা: ওষুধটি ঠিক আছে; ওষুধটি কী কারণে দরকার; যথাযথ মাত্রায় বা পরিমাণে দেয়া হচ্ছে; স্কুল চলাকালে কখন ওষুধ প্রয়োজন; এটি গ্রহণ না করলে কী ঘটবে তা বর্ণনা করা)। এইসব শিক্ষার্থীকে এরপর স্কুল চলাকালে শুধুমাত্র যেসব ওষুধ প্রয়োজন সেগুলো কাছে রাখার এবং কারো তত্ত্বাবধান ছাড়াই নিজ চেফ্টায় গ্রহণ করার অনুমতি দেয়া হয়, তবে শিক্ষার্থীদের কখনই নিয়ন্ত্রিত দ্রব্য কাছে রাখার অনুমতি দেয়া হয় না।

পিতামাতাগণ অনুগ্রহ করে শিক্ষার্থীকে ঠিকমত শনাক্ত করার জন্য মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরমের (এমএএফ) উপরের দিকে বাম পাশে ছোট একটি ছবি সংযুক্ত করুন।

চার প্রকার অনুরোধ ও অনুমোদন ফরম রয়েছে:

- মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম (এমএএফ) – শিক্ষার্থীদের ওষুধ দেয়ার জন্যই শুধুমাত্র পূরণ করতে হবে। হাঁপানির ক্ষেত্রে পরিচর্যাকারীরা এমএএফ-এর সাথে ‘অ্যাজমা অ্যাকশন প্ল্যান’ সংযুক্ত করে দিতে পারেন। স্কুল সফরে নেবুলাইজার ব্যবহার কষ্টসাধ্য হতে পারে; অনুগ্রহ করে যখন সম্ভব হবে ইনহেলার ও স্পেসার (ইনহেলারের কার্যকারিতা বৃদ্ধির জন্য একধরনের সরঞ্জাম) ব্যবহারের পরামর্শ দিন।
- চিকিৎসক নির্দেশিত চিকিৎসা (ওষুধ ব্যতীত) – মূত্র নিষ্কাশনের জন্য মূত্রনালাগীতে নল লাগান (ব্লাডার ক্যাথেটাইজেশন), বিশেষ অবস্থানে গুইয়ে ফুসফুস থেকে রস নিঃসৃত করা (পসটিউর্যাল ড্রেনেজ), শ্বাসনালী শোষণ (ট্র্যাকিয়াল সাকশনিং), পেট ফুটো করে টিউব দ্বারা খাওয়ান (গ্যাসট্রোনামি টিউব ফিডিং) ইত্যাদি বিশেষ প্রক্রিয়ার জন্য অনুরোধ করার সময়ে এই ফরম পূরণ করতে হবে। এই ফরম সব ধরনের দক্ষ পরিচর্যামূলক সেবার জন্য ব্যবহার করা যাবে।
- ডায়াবেটিজ মেডিকেশন ফরম: বহুমূত্র রোগে আক্রান্ত শিক্ষার্থীদের জন্য পূরণ করতে হবে যাদের এই সমস্যাগুলো রয়েছে: গ্লুকোজ মনিটরিং, ইনসুলিন এবং/অথবা গ্লুকোগোন গ্রহণ।
- ৫০৪ ধারায় সুযোগসুবিধা(সমূহ) প্রদানের জন্য অনুরোধ – বিশেষ পরিষেবা, যেমন বাধামুক্ত ভবন, এলিভেটর ব্যবহার, পরীক্ষা পদ্ধতি সংস্কার ইত্যাদির জন্য অনুরোধ করার ক্ষেত্রে ব্যবহার করতে হবে। এই ফরম সম্পর্কযুক্ত পরিষেবা, যেমন অকুপেশন্যাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি, পরামর্শ পরিষেবা ইত্যাদি ক্ষেত্রে ব্যবহার করা চলবে না, কেননা, শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচির (আই.ই.পি.) মাধ্যমে এসব বিষয়ে যথাযথ নজর দেয় হচ্ছে এবং পরিষেবা প্রদান করা হচ্ছে।

আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে শিক্ষার্থীর স্কুলে যোগাযোগ করুন। সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ।